

## সিডনীতে বাংলা একাডেমী অষ্ট্রেলিয়া'র উদ্বোধনী ।

বিশ্ব সংস্কৃতিতে বাংলা ভাষা ও সংস্কৃতির পদচারণার সাহসী ইচ্ছা নিয়ে সিডনীতে সম্প্রতি হয়ে গেল বাংলা একাডেমী অষ্ট্রেলিয়া'র উদ্বোধনী । বাংলাদেশ তথা বাংলা ভাষার প্রতি শ্রদ্ধা নিবেদন আর বিশ্ব সংস্কৃতিতে বাংলা ভাষার প্রচার ও প্রসারের লক্ষ্যে বাংলা একাডেমী অষ্ট্রেলিয়ার যাত্রা শুরু হয়েছে । গত দু মাস ধরে পরীক্ষামূলক ক্লাশ চালনা করে গত ২৫শে ফেব্রুয়ারী, শনিবার, সকাল ৯:৩০ মি: থেকে আনুষ্ঠানিক ভাবে এরা কাজ আরম্ভ করেছে । পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী বেলা এগারটায় সিডনীস্থ: 1-5 Ray Rd, (Corner of Ray and Carlingford Rd) Epping এ "ফিরে চল মাটির টানে" শীর্ষক এক অনাড়ম্বর আলোচনা অনুষ্ঠানের মধ্যদিয়ে শুরু হয় বাংলা একাডেমী অষ্ট্রেলিয়া, ফর ক্রিয়েটিভ এন্ড পারফর্মিং আর্টসের সূচনা । বাংলা একাডেমী, অষ্ট্রেলিয়ার পরিচালক আনোয়ার আকাশ মনে করেন ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে প্রণোদনা যুগিয়েছিল ১৯৫২ সালের ভাষা আন্দোলন । আর বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবীতে ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারী শহীদ হন সালাম, রফিক, বরকত, জব্বার প্রমুখ । সেই প্রেক্ষিতেই বিশ্বব্যাপী গৌরবজনক ২১শে ফেব্রুয়ারী পালিত হয় আন্তর্জাতিক মার্ত্ভাষা দিবস হিসেবে । সুতরাং এ ভাষার প্রতি যথাযথ শ্রদ্ধা জানাতে আর আমাদের আগামী প্রজন্মের হাতে বাংলা সংস্কৃতির আলোক বর্তিকা পৌঁছে দিতে বাংলা একাডেমী যথাযথ কাজ করে যাবে । বাংলা একাডেমীর বিস্তারিত কর্মসূচী জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন তিনি ।

মহান ভাষা আন্দোলনে ভাষা শহীদদের স্মরণে - "ফিরে চল মাটির টানে" শীর্ষক অনুষ্ঠানে অতিথিরা বাংলা ভাষার প্রয়োগ ও প্রচারের নিমিত্তে এর প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন । অতিথিদের মধ্য থেকে বাংলা একাডেমীর এই ক্ষুদ্র প্রয়াসের প্রশংসা করে বক্তব্য রাখেন সিডনির প্রবীণ সংগঠক জনাব মিজানুর রহমান চৌধুরী, ইউনিভার্সিটি অব টেকনলজির শিক্ষাবিদ ড: রেজাউল করিম, সিডনী ইউনিভার্সিটির শিক্ষাবিদ ড: ফজলুল হক, ম্যাকুয়ারী ইউনিভার্সিটির শিক্ষাবিদ ড: সাজেদুর রহমান, জনাব আখতারুজ্জামান, মিসেস রিজওয়ানা আলী ও মিসেস শারমিন শফিউদ্দিন । এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সরকারের সিডনীস্থ: মাননীয় কনসুল জেনারেল জনাব এছনী কুরী । এর পর পরই মাননীয় কনসুল জেনারেল আনুষ্ঠানিক ভাবে বাংলা একাডেমী'র উদ্বোধনী ঘোষণা করেন ।

বাংলা একাডেমীর পক্ষে বক্তব্য রাখেন মিসেস শারমিন শফিউদ্দিন তার মতে "অষ্ট্রেলিয়ায় বাংলা ভাষার ওপর প্রাতিষ্ঠানিক পর্যায়ে শিল্প ও সংস্কৃতি শেখার সুযোগ খুব কম । শিশু কিশোররাই আমাদের আগামী দিনের প্রতিনিধি । এদের অনেকেই সময় এবং সুযোগের অভাবে অভিভাবকদের চোখের সামনেই ভুলতে বসেছে বাংলা ভাষা ও সংস্কৃতিকে ।" এ সময়ে বাংলা একাডেমীর ক্ষুদ্রে বন্ধু ফারাহ 'মা' বিষয়ক একটি সংগীত পরিবেশন করে আমন্ত্রিত অতিথিদের জন্যে ।

বাংলা একাডেমীর পরিচালক জানালেন "এই প্রবাসে বাঙালী সংস্কৃতি চর্চার মাধ্যমে আমরা অনেকেই চাই আমাদের সন্তানেরা সুন্দরভাবে কথা বলুক আর মননশীল শিক্ষা ও সংস্কৃতি চর্চায়

বেড়ে উঠুক। প্রবাসে বসে ছোটদের মতো বড়দেরও অনেকেই চান সুষ্ঠু ও সমন্বিত শিল্পকর্মে আত্মনিয়োগ করতে। স্বীয় ক্ষেত্রে প্রতিভা সম্পন্ন শিক্ষক-শিক্ষিকা মন্ডলী পাঠ্যক্রমে নিয়মিত প্রশিক্ষণ দেবেন। এ ছাড়াও থাকবে বিভিন্ন শিক্ষণীয় বিষয়ে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা।” বাংলা একাডেমীর এ প্রচেষ্টা সবার ভাল লাগলে বাংলা একাডেমী অনেকদূর এগিয়ে যেতে পারবে বলে আমাদের বিশ্বাস।

বাংলা একাডেমীর কার্যক্রমে অংশ গ্রহণের জন্য ৪ বছর বয়সের ওপরের যে কেউ নির্ধারিত আবেদন পত্র পূরণের মাধ্যমে আবেদন পত্র পাঠাতে পারবে। বাংলা, উচ্চারণ, আবৃত্তি, শিশুতোষ ছড়া ও কবিতা, নাটক, উচ্চাঙ্গ সংগীত, নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, নৃত্য, চিত্রাঙ্কণ, ধর্মীয় শিক্ষা, বাদ্যযন্ত্র: তবলা, সেতার, ভায়োলিন, কি-বোর্ড সহ অন্যান্য বিষয়। তবে বিষয়গুলো প্রয়োজনীয় সংখ্যক ছাত্র/ছাত্রী পেলেই আগ্রহের ভিত্তিতে সংযোজন করা হবে বলে আমাদের জানালেন বাংলা একাডেমী কর্তৃপক্ষ। প্রতি শনিবার সকাল ৯:৩০ মি থেকে ক্লাস নেয়া হচ্ছে। ক্লাসের স্থান: বাংলা একাডেমী, 1-5 Ray Road, Epping NSW 2121, (Cnr of Ray Rd and Carlingford Rd), বাংলা একাডেমীর সাথে যোগাযোগের ফোন নাম্বারটি হলো (02) 88122684, এবং ক্লাশ চলাকালীন সময়ে 0401065297 (mobile).

কমিউনিটির যে কেউ সুচিন্তিত মতামত দিয়ে বাংলা একাডেমীকে সহায়তা করতে পারবেন। স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে শেখাতে আগ্রহী হলে বাংলা একাডেমীর সাথে যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও কমিউনিটির স্বার্থে বাংলা একাডেমী নিয়মিত ভাবে একজন জে.পি (Justice of the Peace) এর সহায়তা দিয়ে যাচ্ছে।